মেহেরপুরে ‘ইজি পয়েন্ট’র জরিমানা

মেহেরপুর শহরে মাস্ক বিহীন ব্যবসা প্রতিষ্ঠান পরিচালনা করায় মানিক মিয়া টাওয়ার ইজি পয়েন্টে ভ্রাম্যমাণ আদালতে ছয়শত টাকা জরিমানা আদায় করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে মেহেরপুর শহরের মানিক মিয়া টাওয়ার ইজি পয়েন্টে সহকারি কমিশনার মাহামুদ হাসান সবুজের নির্দেশে এই ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়।

অভিযান চলাকালে তিনি বলেন, করোনা ভাইরাসের প্রাদুর্ভাব ঠেকাতে হলে মাস্ক পরিধান করতে হবে। যারা মেহেরপুর শহরের ভিতরে মাস্ক ছাড়া চলাচল করছে তাদেরকে সতর্ক করা হচ্ছে এবং কিছু কিছু মানুষের কাছ থেকে জরিমানা আদায় করা হয়েছে।

এমত অবস্থায় মেহেরপুরে যেনো করোনাভাইরাস নিয়ন্ত্রণে রাখা যায় সেই জন্য জেলা প্রশাসনের নির্দেশনা অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। শহরে বিভিন্ন দোকানী আছেন যারা স্বাস্থ্যবিধি মানছেন না তাদেরকে মোবাইল কোট এর আওতায় আনা হচ্ছে।

তারি পাশাপাশি ক্রেতাদের কেও সতর্ক করা হচ্ছে। যারা সাধারণ জনগণ আছেন স্বাস্থ্যবিধি মানছেন না মোটরবাইকে দুইজনের অধিক চলাফেরা করছেন তাদেরকে সতর্ক করা হচ্ছে।

গাংনীর বি এন কলেজের সাবেক অধ্যক্ষ’র বিরুদ্ধে উপবৃত্তির

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

করোনা: মেহেরপুরে নতুন আক্রান্ত ১০ জন, মোট ৫০৫

মেহেরপুরে আজ নতুন করে ১০ জন করোনায় আক্রান্ত হয়েছেন। এ নিয়ে জেলায় মোট আক্রান্ত হলেন ৫০৫ জন।
বৃহস্পতিবার রাতে মেহেরপুরের সিভিল সার্জন ডা.নাসির উদ্দিন বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, আজ প্রাপ্ত ৯টি রিপোটের মধ্যে ১০ টি পজিটিভ। এর মধ্যে সদর ২টি, গাংনীতে ৬টি এবং মুজিবনগরে ২টি। এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৩৩৪১ টি।

মেহেরপুর জেলায় বর্তমানে আক্রান্ত রয়েছেন ১৬২ (সদর-৯২, গাংনী- ৪৮, মুজিবনগর -২২) জন। এ পর্যন্ত জেলায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যু হয়ে- ১১ জন। (সদর-৫, গাংনী- ৫, মুজিবনগর -১)। সুস্থ হয়েছেন ২৯৩ জন । অন্যত্র ট্রান্সফার্ড করা হয়েছে ৩৪ জনকে।

ভিন্নসূত্রে পাওয়া আক্রান্তরা হলেন- মুজিবনগরের ভবেরপাড়ার শাহাবদ্দিন, সমাজসেবা কর্মকর্তা আব্দুর রব, সদর উপজেলার বারাদির সুজা উদ্দিন সুজন, সদর হাসপাতালের মোসাফিউন, গাংনী শহরের দিল তামন্না, কসবা কোম্পানীর মিনহাজ উদ্দিন, গাংনী হাসপাতাল পাড়ার মাহাফুজা খাতুন, শিশিরপাড়ার হাবিবুর রহমান, হোগলবাড়িয়ার নিহাজ উদ্দিন, কাষ্টদহ বিলপাড়ার মোছা: সিকবা খাতুন।

সাহারবাটিতে বাড়ির আঙ্গিনায় সবজি চাষ প্রশিক্ষণ অনুষ্ঠিত

‘বাড়ির আঙ্গিনায় করলে চাষ, মিলবে টাটকা সবজি বারো মাস’ এই

প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরের গাংনী উপজেলার সবজি ভান্ডার নামে খ্যাত সাহারবাটিতে বাড়ির আঙ্গিনায় সবজি চাষ প্রশিক্ষণ ‘ অনুষ্ঠিত হয়েছে।
বৃহস্পতিবার সাহারবাটির চারচারা ফিল্ড পাড়ায় ‘গ্রাম উন্নয়ন দলের’ আয়োজনে ও দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের সহযোগিতায় এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।
প্রশিক্ষণে ১৫ টি দরিদ্র পরিবারের ১৫ জন নারীকে বাড়ির আঙ্গিনায় কিভাবে বৈজ্ঞানিক উপায়ে, সহজভাবে, কীটনাশক মুক্ত, রোগমুক্ত, বিভিন্নরকম রোগ প্রতিরোধে করনীয়, পুষ্টিগুন সম্পন্ন সবজী উৎপাদন ও কম জায়গায় সল্প পরিসরে সবজি উৎপাদন এবং পরবর্তীতে বীজ সংরক্ষণ করা যায় সে ব্যাপারে পরামর্শ দেওয়া হয়।
হাঙ্গার প্রজেক্টের সহসভাপতি ও ভিডিটি নারী নেত্রী স্বপ্না খাতুনের সভাপতিত্বে প্রশিক্ষণ পরিচালনা করেন উপ-সহকারি কৃষি কর্মকর্তা মো: শাহীন রেজা জুয়েল।
প্রশিক্ষণ শেষে অংশগ্রহনকারীদের মাঝে সবজী প্লান্ট তৈরির লক্ষ্যে বীজ (মিষ্টি কুমড়া,লাল শাক,কলমি শাক,ঢেড়স,ঝিংগা ও বরবটি) বিতরণ করা হয়।

আলমডাঙ্গায় জেলা পরিষদের সদস্য আশাবুল হক ঠাণ্ডুর করোনায় মৃত্যু

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের ভাংবাড়িয়া ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ও চুয়াডাঙ্গা জেলা পরিষদের সদস্য আশাবুল হক ঠান্ডু করোনাভাইরাসে আক্রান্ত হয়ে মারা গেছেন। ইন্নালিল্লাহি—- রাজেউন।

বৃহস্পতিবার বিকেলে ঢাকার পপুলার হাসপাতালের করোনা ইউনিটে চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরন করেন। মৃত্যকালে তাঁর বয়স হয়েছিল ৫৬ বছর।

আশাবুল হক ঠান্ডু ভাংবাড়িয়া ইউনিয়নের বড়বোয়ালিয়া গ্রামের মৃত

হাজি সিদ্দিকুর রহমানের ছেলে। তিনি স্ত্রী-দুই ছেলেসহ দলীয় নেতাকর্মী ও অসংখ্য শুভাকাংখি রেখে গেছেন। তাঁর মৃত্যুর খবরে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

পারিবারিক সূত্রে জানা গেছে, সপ্তাহখানেক আগে বড়বোয়ালিয়ার তাঁর নিজ বাড়িতে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন জনপ্রিয় এই নেতা। জ্বর-ঠান্ডা ও শ্বাস কষ্ট অতিরিক্ত বেড়ে গেলে তাকে ঢাকার পপুলার হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানেই তাঁকে চিকিৎসা দেওয়া হচ্ছিল। তাঁর শারীরিক অবস্থার অবনতি হলে তাকে হাসপাতালের করোনা ইউনিটে ভেন্টিলেটর দিয়ে রাখা হয়। বৃহস্পতিবার বিকেলে তিনি মরনঘাতি করোনার কাছে হার মেনে নেন। সর্বমহলে জনপ্রিয় এই নেতার জীবন অকালে করোনা কেড়ে নেয়।

জনপ্রিয় এই নেতার মৃত্যু খবর বিকেলে আলমডাঙ্গাসহ তাঁর নিজ ইউনিয়ন ভাংবাড়িয়ার হাটবোয়ালিয়া এলাকায় ছড়িয়ে পড়লে মানুষের মাঝে শোকের ছায়া নেমে আসে। হতবিহ্বল হয়ে পড়েন তাঁর ভক্ত অনুরাগীরা।

জানা গেছে, নিহত আশাবুল হক ঠান্ডুর সোহাগ ও সোহান নামের দুইটি ছেলে রয়েছে। বড় ছেলে সোহাগ এমবিএ শেষ করে ঢাকার একটি কোম্পানীতে কর্মরত রয়েছে। ছোট ছেলে সোহান জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে অনার্স করছে। তারা তাদের স্বনামধন্য পিতাকে অকালে হাঁরিয়ে দিশেহারা হয়ে পড়েছেন।

নিহত ঠান্ডুর চাচাত ভাই আওয়ামীলীগ নেতা জিনারুল ইসলাম জানান, লাশ বাড়িতে এসে পৌছতে গভীর রাত হয়ে যাবে। স্থানীয় প্রশাসনের সহযোগীতায় শুক্রবার সকাল ১০ টায় লাশ জানাজা শেষে দাফন করা হবে।

এদিকে, আশাবুল হক ঠান্ডুর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য ও জেলা আওয়ামীলীগের সভাপতি সোলাইমান হক জোয়ার্দ্দার ছেলুন, জেলা পরিষদের চেয়ারম্যান সেখ শামসুল আবেদীন খোকন, আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও পৌর মেয়র হাসান কাদির গনু, হারদী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বিশিষ্ট শিক্ষানুরাগী নুরুল ইসলাম ও ভাংবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কাওছার আহমেদ বাবলু।

মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের অফিস উদ্বোধন ও দোয়া মাহফিল

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের নতুন অফিস উদ্বোধন ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার বিকেলে কোমরপুর বাজার প্রাঙ্গণে অফিস উদ্বোধন অনুষ্ঠানের সভাপতিত্ব করেন মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি রেজাউর রহমান নান্নু।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌর মেয়র ও জেলা যুবলীগের আহ্বায়ক মাহফুজুর রহমান রিটন। বিশেষ অতিথি ছিলেন জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক শহিদুল ইসলাম পেরেশান।

মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবদুর রশিদ বল্টুর সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য দেন, যাদুখালি স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ মোস্তাফিজুর রহমান টিপু, ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি সিরাজুল ইসলাম, শহিদুল ইসলাম,সাবেক সভাপতি দবিরুল ইসলাম, সাবেক ছাত্রনেতা হাসানুজ্জামান হিলন, সদর উপজেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক মিজানুর রহমান অপু, আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আহমদ আলী, ইউপি সদস্য শহিদুল ইসলাম, ইউনিয়ন কৃষকলীগের সভাপতি শাহ জামাল, ইউনিয়ন যুবলীগের সভাপতি মিঠুসহ আওয়ামী লীগের নেতাকর্মীরা। এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর হোটেল বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক জাহিদ ইকবাল শিমন, জেলা যুবলীগের সদস্য ইউনুস আলী, আমানুর রহমান সোহেল, সাইদুর রহমান উজ্জল, রোকনুজ্জামান মতি, শহর ছাত্রলীগের সভাপতি আরিফ শেখসহ আওয়ামী লীগ,যুবলীগ ও ছাত্রলীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শেষে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং ক সকল শহীদদের আত্মার শান্তি কামনা করে দোয়া মোনাজাত করা হয়।

মেহেরপুরে ফেন্সিডিলসহ আটক ৩

মেহেরপুরে ২৫ বোতল ফেন্সিডিল সহ তিন মাদক ব্যবসায়ীকে আটক করেছে সদর থানা পুলিশ। বৃহস্পতিবার বিকাল ৩টার দিকে শহরের কোর্ট মোড় এলাকা থেকে তাদের আটক করে থানায় নিয়ে আসা হয়। এস আই হারুন শেখ ও এ এস আই ওবাইদুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

আটকৃতরা হলো, সদর উপজেলার দক্ষিণ শালিকা গ্রামের মিকাইলের ছেলে বজলু(৩২) তার স্ত্রী মুক্তি(২৬) ও একই গ্রামের আদম আলীর ছেলে আজিম।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান বিষয়টি নিশ্চিত করে মেহেরপুর প্রতিদিনকে বলেন, আটক আসামীদের বিরুদ্ধে মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

মেপ্র/এমএফআর

শিক্ষাপ্রতিষ্ঠানের ছুটি বাড়ল ৩ অক্টোবর পর্যন্ত

বিশ্বব্যাপী মহামারী করোনাভাইরাসের (কভিড-১৯) কারণে কওমি মাদ্রাসা ছাড়া দেশের শিক্ষাপ্রতিষ্ঠানের চলমান ছুটি আগামী ৩ অক্টোবর ২০২০ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য ও জনসংযোগ বিভাগ থেকে এ তথ্য জানানো হয়েছে।

পূর্ব ঘোষণা অনুযায়ী আগামী ৩১ আগস্ট পর্যন্ত শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ ছিল। তবে গত ২৪ আগস্ট কওমি মাদরাসা খুলে দেওয়ার সিদ্ধান্ত

হয়েছে।

করোনাভাইরাসের কারণে গত ১৭ মার্চ থেকে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধের মধ্যে প্রাথমিক ও মাধ্যমিক স্তরে টিভিতে ক্লাস সম্প্রচার করা হচ্ছে। আর উচ্চ মাধ্যমিক এবং উচ্চ শিক্ষাস্তরে অনলাইনে ক্লাস পরিচালনা করছে শিক্ষা প্রতিষ্ঠানগুলো।

মহামারির কারণে এবছর প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী (পিইসি) পরীক্ষা না নেওয়ার সিদ্ধান্ত হয়েছে। তবে স্কুলে স্কুলে বার্ষিক পরীক্ষা নিয়ে মূল্যায়ন করা হবে।

এজন্য পঞ্চমের শিক্ষার্থীরা বৃত্তিও পাবে না। তবে চালু থাকবে উপবৃত্তি। তবে অষ্টমের জেএসসি-জেডিসি পরীক্ষার বিষয়ে সিদ্ধান্ত আসেনি। নভেম্বরে পঞ্চম ও অষ্টমের সমাপনী পরীক্ষা হওয়ার কথা ছিল।

জেএসসি জেডিসি পরীক্ষা স্থগিত

মহামারীর করোনাভাইরাসের কারণে ২০২০ সালের জেএসসি ও জেডিসি পরীক্ষা অনুষ্ঠিত হবে না।

বৃহস্পতিবার বিকালে শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য ও জনসংযোগ কর্মকর্তা এম এ খায়ের যুগান্তরকে এ তথ্য নিশ্চিত করেছেন।

এর আগে বছর পঞ্চম শ্রেণির প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের ইবতেদায়ি পরীক্ষা বাতিলের সিদ্ধান্ত নেয়া হয়। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এমন প্রস্তাবে সম্মতি দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

গত মঙ্গলবার প্রাথমিক শিক্ষা সমাপনী ও ইবতেদায়ি পরীক্ষা বাতিলে সারসংক্ষেপ প্রধানমন্ত্রী কার্যালয়ে পাঠানো হয়। এতে এ দুই পরীক্ষার পরিবর্তে স্কুল ও মাদ্রাসায় শিক্ষার্থীদের মূল্যায়নের প্রস্তাব রাখা হয়েছিল। পাশাপাশি পরীক্ষা বাতিল করা হলে এ বছরের জন্য মেধাবৃত্তিও না দেয়ার প্রস্তাবও ছিল এতে।

পরে প্রধানমন্ত্রীর কার্যালয় পরীক্ষা বাতিলের প্রস্তাবে সম্মতি

দিয়ে সেটি মন্ত্রণালয়ে পাঠিয়ে দেয়।

উল্লেখ্য, মহামারী করোনাভাইরাসের কারণে গত ১৮ মার্চ থেকে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ আছে। প্রধানমন্ত্রীর কাছে পাঠানো প্রস্তাবে মন্ত্রণালয় বলেছে– ১৮ মার্চ থেকে শিক্ষাপ্রতিষ্ঠানে ছুটি থাকায় ৩১ আগস্ট পর্যন্ত ৭১টি কর্মদিবস নষ্ট হচ্ছে। এতে শিক্ষার্থীদের ৪০৬ বিষয়ভিত্তিক পাঠদান ক্ষতিগ্রস্ত। ১ জানুয়ারি থেকে ১৭ মার্চ পর্যন্ত সিলেবাসের মাত্র ৩০ থেকে ৩৫ শতাংশ পড়ানো সম্ভব হয়েছে। পাঠ্যবইয়ের অবশিষ্ট অংশ শেষ করতে কমপক্ষে ৫০ কর্মদিবস দরকার। নভেম্বর-ডিসেম্বর মাসে পাঠদান কার্যক্রম চালানো সম্ভব হলেও ৫০ কর্মদিবস পাওয়া যাবে না।

এতে আরও বলা হয়, করোনাভাইরাসের বিদ্যমান প্রাদুর্ভাবে সেপ্টেম্বর মাসে শিক্ষাপ্রতিষ্ঠান খুলে দেয়া সম্ভব হবে কিনা সে সিদ্ধান্ত এখনও নেয়া হয়নি। খুলে দেয়া হলে অভিভাবকরা তাদের সন্তানদের স্কুলে নাও পাঠাতে পারেন। জাপান, দক্ষিণ কোরিয়া ও দক্ষিণ আফ্রিকায় শিক্ষাপ্রতিষ্ঠান খুলে দেয়ার পর ভাইরাস পরিস্থিতিতে পুনরায় বন্ধ করে দিতে হয়েছে। অন্যদিকে করোনাভাইরাস প্রাদুর্ভাবের পর টেলিভিশনে পাঠদানের ব্যবস্থা করা হয়েছে। কিন্তু সমীক্ষায় দেখা গেছে, মাত্র ৫৬ শতাংশ শিক্ষার্থী টেলিভিশন পাঠদানের সুযোগটি গ্রহণ করতে সক্ষম হয়েছে।

সম্প্রতি বেতারে পাঠদান কার্যক্রম শুরু হয়েছে। এতে ৯৭ দশমিক ৬ শতাংশ শিক্ষার্থী পাঠদানের আওতায় আসতে পারে। এ ছাড়া ৭৬ শতাংশ শিক্ষক-শিক্ষার্থীদের সঙ্গে লেখাপড়ার বিষয়ে কথা বলতে পেরেছে।

গাংনীতে প্রবাসির স্ত্রীকে ধর্ষন, গ্রেপ্তার-৩

মেহেরপুরের গাংনী উপজেলার জালশুকা গ্রামে এক প্রবাসির স্ত্রীকে ধর্ষনের অভিযোগে ৩ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

বৃহষ্পতিবার সকালে তাদেরকে গ্রেপ্তার করা হয়। এরা হচ্ছে-